সংবাদ

তারিখ 05 JUL 2016
পৃষ্ঠা ৬ কলাম ২

## শিক্ষা ব্যবস্থা প্রসঙ্গে

একজন শিক্ষক ইচ্ছা করলে তার শ্রেণীতে নির্দিষ্ট পরিমাণে শিক্ষার্থী থাকলে তিনি তার বিষয়টি ভালোভাবে পড়িয়ে শেষ করে দিতে পারেন। তিনি ক্লাশে শত ভাগ পাঠদান করে অন্য সময় এক্সট্রা কেয়ার ক্লাস নিতে পারেন। এমন প্রশ্ন থাকবে তিনি যদি ক্লাসে সঠিকভাবে পাঠদান না করে তার শিক্ষার্থীদের পরীক্ষা উপযোগী করে না তুলে প্রাইভেট পড়ানো বেশি গুরুত্ব দেন তাহলে তার খুব বদনাম হবে। ধরে নেয়া হবে তিনি সঠিকভাবে পাঠদান করছে না এবং শিক্ষার্থীরা নিঃস্বার্থভাবে উপকৃত হচ্ছে না।

আশির দশক পর্যন্ত দেশে এত প্রাইভেট/কোচিং ব্যবস্থা জমজমাট ছিল না। আমার মনে হয় আশির দশকের পর থেকে এ ব্যবস্থা বেশি জোরদার হয়েছে। আগে শিক্ষকগণ অনেকে নিজের পকেটের টাকা খরচ করেও শিক্ষকতা করেছে নিজের মান সম্মান এবং সুনাম ধরে রাখার জন্য। তারা শ্রেণিকক্ষে খুবই মনযোগ দিয়ে পড়াতো এবং পড়া আদায় করতেন। শ্রেণি শৃঙ্খলা এবং শ্রেণি ব্যবস্থাপনা খুব চমৎকার ছিল। ছাত্রছাত্রী এবং অভিভাবকগণও শিক্ষকের প্রতি শ্রদ্ধাশীল ছিল

মান সম্পন্ন শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে হলে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করার জন্য সবিনয় অনুরোধ করছি। বাংলাদেশে সার্বজনীন গ্রহণযোগ্য একটি স্থায়ী শিক্ষা নীতি থাকতে হবে। উন্নত দেশের মতো শিক্ষকদের সর্বোচ্চ সামাজিক এবং আর্থিক মর্যাদা দিতে হবে। মেধাবী ছেলে মেয়েরা যেন শিক্ষকতা পেশায় আসে সে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

প্রাইভেট বা কোচিং প্রথা শিক্ষার্থী দেরকে নিরুৎসায়িত করতে হবে এবং ইহা চিরতার যাদুঘরে পাঠাতে হবে। শ্রেণিকক্ষে ছাত্র শিক্ষকদের অনুপাত একটি নির্দিষ্ট নিয়মের মধ্যে রাখতে হবে। শিক্ষা খাতে দুর্নীতি কঠোর হস্তে দমন করতে হবে। সরকারি-বেসরকারি বৈসাম্য দূর করতে হবে। শিক্ষক নিয়োগ কর্ম-কমিশন ঠিক করতে হবে। এখাতে নিয়োগ যেন সম্পূর্ণ দুর্নীতি মুক্ত হয় সে দিকে খেয়াল রাখতে হবে।

নতুন নতুন বিদ্যালয় স্থাপন ও মুঞ্জুরি দেশে প্রেক্ষাপট বিবেচনা করে বিধি মোতাবেক স্বীকৃতি দিতে হবে। ঝরেপড়া শিক্ষার্থী শূন্যের কোঠায় নামিয়ে আনতে হবে। কেন ঝড়ে পড়ে যায় তার সঠিক তদারকি করে ব্যবস্থা নিতে হবে। ৮ম শ্রেণি পর্যন্ত বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তন করতে হবে এবং শিক্ষার অভিষ্ট লক্ষের দিকে পৌছতে হবে। শিক্ষা ব্যবস্থায় সাম্য নীতি প্রবর্তন করতে হবে। তাহলে বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা উন্নত দেশের শিক্ষার মতো বিশ্বমানের হবে বলে আমি একান্ত ভাবে মনে করি।

একজন আদর্শ শিক্ষক জন্মগ্রহণ করে না; তৈরি হয়– সেই দিকে আমাদের যত্নবান হয়ে চলতে হবে।

**মোহাম্মদ আনোয়ার হোসেন**
কোটবাড়ী, কুমিল্লা।